

কুরআন-সুন্নাহর আলোকে ইসলামী আকীদা

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায়: অবিশ্বাস ও বিভ্রান্তি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৫. ৩. ২. ৪. গাইরুল্লাহর উপর তাওয়াক্কুল বা নির্ভরতা

তাওয়াক্কুল অর্থ নির্ভরতা (to rely, depend, trust)। সাধারণভাবে বাংলায় নির্ভরতা বলতে আমরা যা বুঝি তা লৌকিক ও অলৌকিক দু প্রকারেরই হতে পারে। জাগতিকভাবে একজন মানুষ অন্যের শক্তি, ক্ষমতা, সহযোগিতা ইত্যাদির উপর নির্ভর করতে পারে। এক্ষেত্রে নির্ভরকারী ব্যক্তি নির্ভরকৃত ব্যক্তির মধ্যে কোনো অলৌকিকত্ব বা অপার্থিবত্ব কল্পনা করে না, বরং স্বাভাবিক মানবীয় আস্থা বা নির্ভরতা প্রকাশ করে। বিশ্বাসী, অবিশ্বাসী সকলেই এরূপ নির্ভরতা প্রকাশ করে।

অলৌকিক নির্ভরতা কোনো অবিশ্বাসী বা নাস্তিক মানুষ করেন না। কেবলমাত্র বিশ্বাসী মানুষ যে ব্যক্তি বা সত্তার মধ্যে অলৌকিক ক্ষমতা বা জাগতিক উপকরণ ছাড়াই অপার্থিব বা অলৌকিকভাবে কল্যাণ বা অকল্যাণ করার বা তা রোধ করার ক্ষমতা আছে বলে বিশ্বাস করে তার অলৌকিক সাহায্য ও করুণার উপর নির্ভর করে। মনের এরূপ প্রগাঢ় নির্ভরতাকেই ইসলামী পরিভাষায় তাওয়াক্কুল বলা হয়।

মানুষ যার বা যাদের উপাসনা করে, অন্তরের গভীরে তার বা তাদের অতিপ্রাকৃতিক সাহায্য ও রক্ষণাবেক্ষণের আশা করে এবং এই সাহায্যের উপর তার নির্ভরতা থাকে। সে তার উপাস্যের নাম নিয়ে বা তার উপাস্যের সাহায্যের উপর নির্ভর করে তার কর্ম শুরু করে। এই নির্ভরতা এক প্রকার ইবাদত। কেউ যদি কারো নাম নিয়ে বা কারো অতিপ্রাকৃতিক সাহায্য ও রক্ষণাবেক্ষণের উপর অন্তরের আস্থা বা নির্ভরতা নিয়ে কর্ম শুরু করেন, তাহলে তিনি তার উপাসক হিসাবে গণ্য হবেন। এজন্য আল্লাহ ছাড়া অন্য কারো উপর তাওয়াক্কুল করা, কারো নাম নিয়ে যাত্রা শুরু করা, কারো নামে পাড়ি জমানো... ইত্যাদি শিরক। কুরআন কারীমে একমাত্র আল্লাহর উপর নির্ভর করতে বা তাওয়াক্কুল করতে বার বার নির্দেশ দেওয়া হয়েছে। মহান আল্লাহ বলেন:

وَعَلَى اللَّهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُونَ

“আর মুমিনগণ একমাত্র আল্লাহর উপরেই নির্ভর করুক।”[1]

অন্যত্র মহান আল্লাহ বলেন:

وَتَوَكَّلْ عَلَى اللَّهِ وَكَفَى بِاللَّهِ وَكِيلًا

“এবং আপনি আল্লাহর উপরে নির্ভর করুন, উকিল বা কর্মবিধায়ক হিসাবে আল্লাহই যথেষ্ট।”[2]

অন্যত্র বলা হয়েছে:

إِنْ كُنْتُمْ أَمْنْتُمْ بِاللَّهِ فَاعْلَيْهِ تَوَكَّلُوا إِنْ كُنْتُمْ مُسْلِمِينَ

“তোমরা যদি আল্লাহকে বিশ্বাস করে থাক, যদি তোমরা আল্লাহর কাছে আত্মসমর্পণকারী হও তবে শুধু তারই উপরে নির্ভর কর।”[3]

আল্লাহ আরো বলেছেনঃ

قُلْ هُوَ رَبِّي لَا إِلَهَ إِلَّا هُوَ عَلَيْهِ تَوَكَّلْتُ وَإِلَيْهِ مَتَابِ

“বল, তিনিই আমার প্রতিপালক, তিনি ছাড়া কোন ইলাহ বা উপাস্য নেই, আমি একমাত্র তার উপরেই নির্ভর (তাওয়াক্কুল) করেছি এবং তার দিকেই আমার প্রত্যাবর্তন।”[4]

ফুটনোট

[1] সূরা (৩) আল-ইমরান: ১২২ ও ১৬০ আয়াত; সূরা মায়দা: ১১ আয়াত, তাওবা: ৫১ আয়াত; ইবরাহীম: ১১ আয়াত; মুজাদলাহ: ১০ আয়াত; তাগাবুন: ১৩ আয়াত। আরো দেখুনঃ ইউসুফঃ ৬৭, ইব্রাহীমঃ ১২, যুমারঃ ৩৮ আয়াত।

[2] সূরা নিসা ৮১ আয়াত ও সূরা আহযাব: ৩ আয়াত।

[3] সূরা ইউনূস: ৮৪ আয়াত। আরো দেখুন: সূরা মায়দা: ২৩ আয়াত।

[4] সূরা রাদ: ৩০ আয়াত।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=13716>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন